

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬১৬

আগরতলা, ২ ফেব্রুয়ারি, ২০২৫

ফার্মাসিস্ট, ল্যাব টেকনেশিয়ান ও মাল্টি টাস্কিং স্টাফ পদে অফার অব অ্যাপয়েনমেন্ট
মনোনীত প্রার্থীদের ৫ ফেব্রুয়ারি দুপুর ১২.৩০ মিনিটে
স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার জন্য অনুরোধ

আগামী ৫ ফেব্রুয়ারি আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে এক অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের ফার্মাসিস্ট (অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি ও আয়ুর্বেদ), ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাস্কিং স্টাফ (এমটিএস) পদে মনোনীত প্রার্থীদের মধ্যে অফার অব অ্যাপয়েনমেন্ট বিতরণ করা হবে। এ বিষয়ে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট পদে মনোনীত প্রার্থীদের নিজস্ব অরিজিন্যাল ডকুমেন্ট, সচিত্র পরিচয়পত্র এবং নিয়োগ সংক্রান্ত পরীক্ষার অরিজিন্যাল অ্যাডমিট কার্ড নিয়ে ঐদিন দুপুর ১২টা ৩০ মিনিটের মধ্যে স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।
